

বিএসএমএমইউতে বৈজ্ঞানিক সম্মেলনে বক্তারা

দেশে হরমোনজনিত রোগ পলিসিস্টিক ওভারিয়ন সিনড্রম রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে

বর্তমানে দেশে হরমোনজনিত রোগ “পলিসিস্টিক ওভারিয়ন সিনড্রম (পিসিওএস)” রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। বেশিরভাগ ক্ষেত্রে এ রোগের লক্ষণ বাহ্যিকভাবে পরিলক্ষিত হয়। যেমন শরীরের বিভিন্ন স্থানে অব্যক্তিগত লোম, অতিরিক্ত ব্রন, ওজন বৃদ্ধি পাওয়া ইত্যাদি। এছাড়া অনিয়মিত মাসিক, বন্ধ্যাত্ব, হৃদরোগ, ডায়াবেটিস ও অন্যান্য জটিলতাও দেখা দেয়। সাধারণত অল্প বয়স্ক এবং তরুণীদের মধ্যে এ রোগ হওয়ার প্রবণতা বেশি লক্ষ্য করা যায়। তবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে এ রোগের সুচিকিৎসা রয়েছে। সঠিক চিকিৎসা ও স্বাস্থ্যকর জীবনযাত্রা প্রণালী মেনে এ রোগ নিয়ন্ত্রণ ও সুস্থ জীবন কাটানো সম্ভব। আজ মঙ্গলবার ১৯ ডিসেম্বর ২০১৭ইং তারিখ, সকাল ১১টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে “এন্ডোক্রাইনোলজি এ্যাসপেক্ট: পলিসিস্টিক ওভারিয়ন সিনড্রম” শীর্ষক বৈজ্ঞানিক সেমিনারে বক্তারা এ কথা বলেন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এন্ডোক্রাইনোলজি বিভাগের উদ্যোগে আয়োজিত বৈজ্ঞানিক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল। সভাপতিত্ব করেন এন্ডোক্রাইনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. এম এ হাসানাত। মূল্যবান বক্তব্য রাখেন অবস এন্ড গাইনী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. পারভীন ফাতেমা, এন্ডোক্রাইনোলজি বিভাগের সিনিয়র শিক্ষক অধ্যাপক ডা. মোঃ ফরিদ উদ্দিন, প্যাথলজি বিভাগের অধ্যাপক মোহাম্মদ কামাল, ইন্টারনাল মেডিসিন বিভাগের অধ্যাপক ডা. সোহেল মাহমুদ আরাফাত, এন্ডোক্রাইনোলজি বিভাগের সহকারী অধ্যাপক ডা. শাহাজাদা সেলিম, সহকারী অধ্যাপক ডা. শারমিন জাহান প্রমুখ। প্রবন্ধ উপস্থাপন করেন ডা. মারুফা মোস্তারী, ডা. নাজমা আক্তার, ডা. সুকান্তি সাহা প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন বৈজ্ঞানিক সেমিনারের উপর গুরুত্ব দিচ্ছে। এরমধ্যে মাল্টি ডিসিপ্লিনারি বৈজ্ঞানিক সেমিনারের উপর অধিক গুরুত্ব দিচ্ছে। এ ধরনের সেমিনার জ্ঞানের পারস্পরিক আদান-প্রদানের সাথে সাথে রোগীদের উন্নত ও আধুনিক চিকিৎসাসেবা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি বলেন, নানা সীমাবদ্ধতা সত্ত্বেও এ বিশ্ববিদ্যালয়ের এন্ডোক্রাইনোলজি বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকবৃন্দসহ সংশ্লিষ্টরা রোগীদের সর্বোত্তম চিকিৎসাসেবা দিয়ে যাচ্ছেন। এন্ডোক্রাইনোলজি বিভাগের উন্নয়নে বর্তমান প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের সহায়তা অব্যাহত থাকবে।

মাতৃ ও নবজাতকদের উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ কর্মসূচীর সভা অনুষ্ঠিত

আজ মঙ্গলবার ১৯ ডিসেম্বর ২০১৭ইং তারিখ, সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ডা. মিল্টন হলে এ বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিকস বিভাগ ও যুক্তরাষ্ট্রের জনস হপকিন্স ইউনিভার্সিটি ব্লুমবার্গ স্কুল অফ পাবলিক হেলথ-এর যৌথ উদ্যোগে জেলা ও উপজেলা পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ব্যবস্থাপকদের যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে বাংলাদেশের মাতৃ ও নবজাতকদের জন্য উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে পরিচালিত “স্ট্রাটেজিক লিডারশিপ এন্ড ম্যানেজমেন্ট ট্রেনিং ফর ডিসট্রিক এন্ড উপজেলা লেভেল হেলথ এন্ড ফ্যামিলি প্ল্যানিং ম্যানেজারস টু ইমপ্রুভ ম্যাটার্নাল এন্ড নিউ বর্ন হেলথ সার্ভিসেস ইন হার্ড টু রিচ ডিসট্রিকস ইন বাংলাদেশ” শীর্ষক প্রোগ্রামের এক গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। স্বাগত বক্তব্য রাখেন সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ। প্রকল্প বিষয়ে বিস্তারিত তুলে ধরেন জনস হপকিন্স ইউনিভার্সিটি ব্লুমবার্গ স্কুল অফ পাবলিক হেলথ-এর সম্মানিত ডীন ড. মোঃ হাফিজুর রহমান। সভায় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক ডা. কাজী মোস্তফা সারওয়ার, নিপোর্ট-এর মহাপরিচালক রওনাক জাহান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিকস বিভাগের চেয়ারম্যান ও প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন অনুষদের সম্মানিত ডীন অধ্যাপক সৈয়দ শরীফুল ইসলাম, ইউনিসেফের চীফ হেলথ মায়ার ভ্যানডেন্ট, ডা. এএম জাকির হোসেন, ডা. অং সুই পিরু মারমা (Dr. Aung Swi preu marma), ডা. অং থা লো প্রমুখ বক্তব্য রাখেন।